# 2 0 1 8

## BENGALI

( Elective )

Paper : 5.2

**( Upanyas, Galpa Ebong Natak )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

ক—বিভাগ, খ—বিভাগ এবং গ—বিভাগ-এর যে কোনো একটি বিভাগ থেকে উত্তর দাও।

## ক—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) "হায়, জীবন এত ছোট কেনে? এ ভুবনে?" গানটি বেঁধে নিতাই প্রথম কাকে শুনিয়েছিল?

(খ) কোন্ বংশে নিতাইয়ের জন্ম হয়েছিল?

(গ) স্টেশনের চায়ের স্টলের ভেন্ডার কে ছিল?

(ঘ) "যে আসরে বাঁদর নাচে সে আসরে আমি নাচি না।" কথাটা কে বলেছে?

(ঙ) "এটি তাহার বড় প্রিয়স্থান। ঘন কালো সরু সরু পাতার ছাতার মত গাছটি; নিতাই বলে—'চিরোল-চিরোল পাতা'।" কোন্ গাছের কথা বলা হয়েছে?

(চ) রমেশ ঘোষালের হিন্দুস্থানী চাকরের নাম কী?

(ছ) ঘোষাল বাড়ির গিন্নিমা কে?

(জ) "রাণী কই রে!" 'রাণী' বলে কে ডেকেছিল?

(ঝ) তারকেশ্বরের পুকুরটির নাম কী?

(ঞ) "বললে বিশ্বাস করবি নে, সেখানে সুষনি-কলমি শাক, চালতা, আমড়া, থোড়, মোচা পর্যন্ত কিনে খেতে হয়। পারবি খেতে?" এখানে 'সেখানে' বলতে কোন্ স্থানকে নির্দেশ করা হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'অট্টহাস' গ্রামের দুজন বিখ্যাত কবিয়ালের নাম লেখো।

(খ) "দপ্তর তো তাহার এখন নেহাৎ ছোটটি নয় যে গায়ের আলোয়ানের আড়াল দিয়া বগলে পুরিয়া লইয়া পলাইবে।" নিতাইয়ের 'দপ্তর'-এর যে কোনো দুটি বইয়ের নাম লেখো।

(গ) "রসিদ দিতে হয় ছাব্বিশ টাকার, পাই তেরো টাকা পনেরো আনা।" একথা কে, কাকে বলেছিলেন?





(ঘ) "সে সোজা মেয়ে নয় ভায়া, তাকে ভোলানো সহজ নয়। আর তুমি ত ছেলেমানুষ, তোমার বাপকেও সে চোখের জলে নাকের জলে করে তবে ছেড়েছিল।" বক্তা কে? এখানে 'সে' বলতে কাকে বোঝানো হয়েছে?

(ঙ) রমেশ কোথায় স্কুল তৈরি করেছিল? কেন?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) "কুলিগিরি আর করব না রাজন।" নিতাই কুলিগিরি আর না করার সিদ্ধান্ত নিয়েছিল কেন? প্রসঙ্গটি আলোচনা করো।

(খ) 'কবি' উপন্যাসে বেনে মামার চায়ের দোকানের গুরুত্ব সম্বন্ধে আলোচনা করো।

(গ) 'কবি' উপন্যাসে নিতাইয়ের কাশীবাসী 'নূতন মা'র ভূমিকা পরিস্ফুট করো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) "ভৈরব অবশেষে চোখ মুছিয়া কতকটা প্রকৃতিস্থ হইয়া বসিল এবং এই মহাশোকের হেতু বিবৃত করিতে প্রস্তুত হইল। বিবরণ শুনিয়া রমেশ স্তব্ধ হইয়া বসিয়া রহিল।" ভৈরব আচার্যের এই 'মহাশোক'-এর স্বরূপটি কী? এর প্রতিকার কীভাবে হয়েছিল তা ব্যক্ত করে পূর্বাপর ঘটনাটি বিবৃত করো।

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসের কামিনীর মা চরিত্রটির এক আলোচনা প্রস্তুত করো।

(গ) রমেশের পিতৃশ্রাদ্ধের একটি সংক্ষিপ্ত বর্ণনা প্রস্তুত করো।

৫। প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

### ক—গুচ্ছ

(ক) 'কবি' উপন্যাস অবলম্বনে ঝুমুর দলের বর্ণনা দাও।

(খ) নিতাই চরিত্রটির একটি পর্যালোচনা প্রস্তুত করো।

(গ) 'কবি' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) 'কবি' উপন্যাসে সংগীতের প্রয়োগ সম্বন্ধে আলোচনা করো।

### খ—গুচ্ছ

(ঙ) 'পল্লীসমাজ' উপন্যাসে গ্রাম-বাংলার দলাদলির যে চিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো।

(চ) জ্যাঠাইমা চরিত্রটিকে বিশ্লেষণ করো।

(ছ) 'পল্লীসমাজ' উপন্যাসের পরিসমাপ্তি সম্বন্ধে আলোচনা করো।

(জ) 'পল্লীসমাজ' উপন্যাসের রমা ও রমেশের সম্পর্কটির পর্যালোচনা করো।





## খ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'ভোটার সাবিত্রীবালা' গল্পের সাবিত্রীবালার বড়ো ছেলের মৃত্যু কীভাবে হয়েছিল?

(খ) 'সারেঙ' গল্পের নাসিমের বাসস্থান কোন্ গ্রামে ছিল?

(গ) 'ভারতবর্ষ' গল্পের লেখকের নাম কী?

(ঘ) 'সীমারেখার সীমা' গল্পের ছবির দাদার নাম কী?

(ঙ) আন্ডাহল্ট স্টেশনের 'কুক' কে ছিল?

(চ) শূন্যস্থান পূর্ণ কর :
"কার্তিক পূর্ণিমায় একটা মেলা বসবে এখান থেকে মাইল বারো দূরে, সেখানে আছে _____ দেবের বিগ্রহ নিয়ে এক মন্দির।"

(ছ) অঞ্জনগড় স্টেটের আয়তন কত?

(জ) "পাঁচটা টাকা লোন দাও তো বাবুজী। আসছে মাসে তাহলে তুমি পাবে ছ'টাকা আট আনা।" বক্তা কে?

(ঝ) বাংলা স্কুলের ছেলেরা ধনিয়ার মেটে ঘরটির কি নাম দিয়েছিল?

(ঞ) সুসভ্যতার প্রসাদ খাইয়ে কে হোরোকে পোষ মানিয়ে রাখতে চাইছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) মোহনাশ তর্কতীর্থ কি কি উপায়ে জীবিকা অর্জন করতেন?

(খ) আম্ভাহল্ট স্টেশনে বিদেশী বন্দীদের ব্রেকফাস্টে কি কি খাবার দেওয়া হত?

(গ) "কত রকমই না বিদ্রূপ আর বিশেষণ পেয়েছে এই গাড়িটা।" যে কোনো দুটি বিদ্রূপাত্মক বিশেষণের উল্লেখ করো।

(ঘ) "এক কুড়ির ওপর মহারাজার উপাধি।" অঞ্জনগড়ের মহারাজার অসংখ্য উপাধির যে কোনো দুটি উল্লেখ করো।

(ঙ) "এই গাছ দুষ্ট। এই গাছ শয়তান। একে এখান থেকে সরিয়ে দাও।" একথা কে প্রচার করেছিল? তার এই প্রচারের কারণ কী?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) 'সারেঙ' গল্পে মা এবং গহরালির কাছে নাসিম মার খেয়েছিল কেন? প্রসঙ্গটি আলোচনা করো।

(খ) "কাজটা একটু গর্হিত হয়েছিল, অস্বীকার করছেন না সতীনাথ, কিন্তু তাঁরও তো রক্তমাংসের শরীর?" এখানে কোন্ কাজের কথা বলা হয়েছে? প্রসঙ্গটি আলোচনা করো।

(গ) 'ভারতবর্ষ' গল্পে মাহাতোদের জীবনযাত্রার যে আভাস ফুটে উঠেছে তা আলোচনা করো।





৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) 'অযান্ত্রিক' গল্পের পরিসমাপ্তি আলোচনা করো।

(খ) অঞ্জনগড়ের উন্নয়নের জন্য মুখার্জি কি কি পরিকল্পনা প্রস্তুত করেছিলেন? আলোচনা করো।

(গ) "ধনিয়া অদ্ভুত মানুষ। হাসপাতালের নার্সেরা আশ্চর্য না হয়ে পারে না।" প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিচার করো।

৫। প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

**ক—গুচ্ছ**

(ক) 'ভোটার সাবিত্রীবালা' গল্পে প্রতিফলিত সমাজচিত্রটি পরিস্ফুট করো।

(খ) 'সীমারেখার সীমা' গল্পের ছবি চরিত্রটি বিশ্লেষণ করো।

(গ) আদিবাসী গ্রামের সাধারণ মানুষ কীভাবে ভিখিরিতে পরিণত হল তা 'ভারতবর্ষ' গল্প অবলম্বনে বুঝিয়ে দাও।

(ঘ) 'সারেঙ' গল্পের নাসিম কীভাবে সারেঙের বাহবা কুড়োতে সক্ষম হয়েছিল তার বিবরণ দাও।

## খ—গুচ্ছ

(ঙ) 'অযান্ত্রিক' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(চ) "অভূতপূর্ব দৃশ্য! মহারাজা, সচিবোত্তম আর ফৌজদার —গিবসন, ম্যাককেনা মূর আর প্যাটার্সন! সুদীর্ঘ মেহগনি টেবিলে গেলাস আর ডিকেন্টারের ঠাসাঠাসি।" অঞ্জনগড়ের মহারাজার সঙ্গে মাইনিং সিন্ডিকেট এবং কুর্মি সমাজের নেতা দুলাল মাহাতোর দ্বন্দ্ব শুরু হয়েছিল কেন? কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে মহারাজের সঙ্গে সিন্ডিকেটের বিরোধের অবসান হয়েছিল?

(ছ) রায়বাহাদুর রতনলালের চরিত্রটি বিশ্লেষণ করো।

(জ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পে ওরাওঁ, কোল-মুন্ডা আদিবাসী সমাজের যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা করো।





## গ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'সাজাহান' নাটকটি কয় অঙ্কের নাটক?

(খ) ঔরংজীবের পুত্রের নাম কী?

(গ) সোলেমানকে আশ্রয়দানকারী কাশ্মীররাজের নাম কী?

(ঘ) দিল্লির দরবারগৃহে কে ঔরংজীবকে হত্যা করতে চেয়েছিল?

(ঙ) সাজাহানের জ্যেষ্ঠা কন্যার নাম কী?

(চ) রহিমের কৃষি-আধিকারিক বন্ধুর নাম কী?

(ছ) রহিমুদ্দি কত টাকায় শহর থেকে বাজনা কিনে এনেছিল?

(জ) পাঙ্গার মেলা থেকে হারমোনিয়াম কিনে কে ঠকে গিয়েছিল?

(ঝ) রহিমের সঙ্গে পুনর্বিবাহের লক্ষ্যে ধর্মবিধি-অনুসারে কার সঙ্গে ফুলজানের নামমাত্র বিয়ে ঠিক হয়েছিল?

(ঞ) "এখন শয়তানটা খাবার দিবার বাধ্য।" এখানে 'শয়তান' বলতে কাকে বোঝানো হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ঔরংজীবের অনুগত যে কোনো দুজন মোগল সেনাপতির নাম লেখো।

(খ) 'ধনধান্য পুষ্প ভরা আমাদের এই বসুন্ধরা' গানটি কার অনুরোধে, কারা পরিবেশন করেছিল ?

(গ) রহিমুদ্দির বাড়ির তল্লাসি নিতে দারোগার সঙ্গে যে সিপাহিরা এসেছিল, তাদের মধ্যে দুজনের নাম উল্লেখ করো।

(ঘ) দুলু তার স্ত্রীকে কত টাকায়, কার কাছে বিক্রি করে দিয়েছিল ?

(ঙ) রহিমুদ্দির প্রতি সহানুভূতিসম্পন্ন দুজন গ্রামবাসীর নাম লেখো।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) ''আমি ছিলাম পূর্বে সুলতান মোরাদের বিদূষক। এখন আমি সম্রাট ঔরংজীবের সভাসদ।'' বিদূষকের এই উন্নতির পশ্চাদপটটি বিশ্লেষণ করো।

(খ) দিল্লির দরবার কক্ষে সভাসদদের সঙ্গে জাহানারা এবং ঔরংজীবের কথোপকথনের দৃশ্যটি বর্ণনা করো।

(গ) খিজুয়ার রণক্ষেত্রে ঔরংজীবের যুদ্ধপরিকল্পনার এক বিবরণ দাও।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) ''মন কি মানে ? খালি দলান আর দলান। রাইতে দিনে মাইনষের কলকলানি, গাড়ীর ঘড়ঘড়ানী, ঠ্যালাঠেলি দৌড়াদৌড়ি....'' এটি কোন শহরের বর্ণনা ? সে শহর সম্পর্কে বক্তার অভিজ্ঞতা ব্যক্ত করো।





(খ) '' 'ছেঁড়া তার' ট্র্যাজিক নাটক হলেও তাতে মাঝে মাঝে হাস্যরস ঝিলিক দিয়ে উঠেছে।'' মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।

(গ) দুর্ভিক্ষের সময় হাকিমুদ্দি কি কৌশলে নিজের গোলার ধান সুরক্ষিত রেখেছিল তা বর্ণনা করো।

৫। প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

### ক—গুচ্ছ

(ক) ট্র্যাজেডি হিসেবে 'সাজাহান' নাটকের বৈশিষ্ট্য আলোচনা করো।

(খ) সাজাহান চরিত্র বিশ্লেষণ করো।

(গ) 'সাজাহান' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) 'সাজাহান' নাটকে মহামায়া চরিত্রটি কি অপ্রাসঙ্গিক এবং অপ্রয়োজনীয় চরিত্র ? এ বিষয়ে তোমার সুচিন্তিত মতামত প্রকাশ করো।

### খ—গুচ্ছ

(ঙ) '' 'ছেঁড়া তার' শ্রেণীসংঘর্ষ নিয়ে শুরু হলেও শেষ পর্যন্ত শ্রেণীসংগ্রামটা গৌণ হয়ে যায় এবং মুখ্য হয়ে ওঠে মুসলমানী তালাক প্রথাকে কেন্দ্র করে সামাজিক সমস্যা। নাটকের মূল climax-ও এইখানেই এবং এটাই নাটকের দুর্বলতা।'' আখ্যান বিশ্লেষণ করে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

(চ) 'ছেঁড়া তার' নাটকে নারী চরিত্রের চিত্রণে নাট্যকারের বিশেষত্ব আলোচনা করো।

(ছ) গণনাট্য আন্দোলনের সঙ্গে 'ছেঁড়া তার' নাটকটিকে সম্পর্কিত করা যায় কী? তোমার সুচিন্তিত মতামত প্রকাশ করো।

(জ) 'ছেঁড়া তার' নাটকের রহিম চরিত্রটি বিশ্লেষণ করো।

★★★